লামায় যুবককে খুন করে মা’কে নিয়ে গেছে র্দুবৃত্তরা

লামা প্রতিনিধি:

বান্দরবানের লামায় নুর হোসেন (২৬) নামের এক যুবককে খুন করে মা’কে তুলে নিয়েগেছে দুর্বৃত্তরা। বুধবার দিনগত গভীর রাতে উপজেলার সরই ইউনিয়নের ফরিদ চেয়ারম্যান পাড়ায় এ ঘটনা ঘটে।

নিহত নুর হোসেন কক্সবাজার জেলার সদর উপজেলার পাহাড়তলী গ্রামের বাসিন্দা মৃত হামিদ হোসেনের ছেলে। তিনি স্থানীয় বোধিছড়া এলাকার কোয়ান্টাম ফাউন্ডেশনে শ্রমিক হিসেবে কাজ করতেন।

পুলিশ ও স্থানীয়রা জানান, বুধবার দিবাগত রাত ২টার দিকে স্ত্রীকে বেঁধে রেখে নুর হোসেনকে জবাই করে দুর্বৃত্তরা। পরে নুর হোসেনের মাকে তুলে নিয়ে যায় তারা। দীর্ঘদিন ধরে মা, স্ত্রী-সন্তানকে নিয়ে নুর হোসেন সরই ইউনিয়নের ফরিদ চেয়ারম্যান পাড়ায় বসবাস করে আসছিলেন বলে জানান তার স্বজনরা।

স্থানীয়রা বলছেন, মা’কে নিয়ে নুর হোসেন ও তার ভাইয়ের মধ্যে দ্বন্দ্ব চলছিল অনেক দিন পর্যন্ত। এটিকে কেন্দ্র করে হয়তো অপর ভাই লোকজন নিয়ে এ ঘটনা ঘটাতে পারে।

লামা থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা আনোয়ার হোসেন জানান, নিহতরে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জেলা সদর মর্গে প্রেরণ করা হয়েছে। স্বজনদের অনেকে পলাতক।